

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩২৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৭২, রাতের ও দিনের সালাত দু' রাক'আত করে।

بَابِ مَا جَاءَ فِي صَلَاةِ اللَّيْلِ وَالنَّهَارِ مَثْنَى مَثْنَى مَثْنَى

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا شَبَابَةُ بْنُ سَوَّارٍ، حَدَّثَنَا شُعْبَةُ، حَدَّثَنِي عَبْدُ رَبِّهِ بْنُ سَعِيدٍ، عَنْ أَنسِ بْنِ أَبِي أَنسٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ نَافِعِ بْنِ الْعَمْيَاءِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْعَمْيَاء، عَنْ عَبْدِ اللَّه عليه الْحَارِث، عَنِ الْمُطَّلِب، \_ يَعْنِي ابْنَ أَبِي وَدَاعَةً \_ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ " صَلَاةُ اللَّيْلِ مَثْنَى مَثْنَى وَتَشَهَّدُ فِي كُلِّ رَكْعَتَيْنِ وَتَبَاءس وَتَمَسْكَنُ وَتُقْنِعُ وَتَقُولُ اللَّهُمَّ اغْفِرْ لِي فَمَنْ لَمْ يَفْعَلْ ذَلِكَ فَهِيَ خِدَاجٌ " .

#### বাংলা

৪/১৩২৫। আল-মুত্তালিব ইবনু আবৃ ওয়াদাআ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রাতের সালাত (নামায/নামাজ) দু দু রাকআত করে। প্রতি দু রাকআতের শেষে রয়েছে তাশাহ্হুদ। অত্যন্ত বিনয়-নম্রতা সহকারে, শান্তভাবে ও একাগ্রতার সাথে সালাত (নামায/নামাজ) পড়বে এবং বলবেঃ হে আল্লাহু! আমাকে ক্ষমা করুন। যে ব্যক্তি তা করেনি তার নামায ক্রিটপূর্ণ।

## **English**

It was narrated that Muttalib that is, Ibn Abu Wada'ah said:

"The Messenger of Allah () said: 'The night prayers are (to be offered) two by two. Say the Tashah-hud after each two Rak`ah, and raise your hands in all humility like one who is poor and needy and say: 'Allāhummaghfir lī (O Allah, forgive me).' And whoever does not do that, it is imperfect.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাউদ ১২৯৬



তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: আবৃ দাউদ ১২৯৫, ১২৯৬, ১৩২৬, ১৪২১ সহীহ, জামি সগীর ৩৮২৯, ৩৮৩০, ৩৮৩১ সহীহ, ৩৫১১, ৩৫১৩ যঈফ, ইবনু মাজাহ ১১৭৫, ১৩১৯, ১৩২০, ১৩২২ সহীহ, নাসায়ী ১৬৬৬, ১৬৬৭, ১৬৭৪, ১৬৯২, ১৬৯৩, ১৬৯৪ সহীহ, তিরমিয় ৪২৪, ৪৩৭, ৪৪৫, ৪৪৯, ৫৯৭ সহীহ, মিশকাত ১২৫৪ মুত্তাফাকুন আলাইহি, সহীহা ১৯১৯, রিয়াদুস ১১৭৬, ইবনু খুয়াইমাহ সহীহ, নাকদুত তাজ আল জামে ১২৩, তালীক সহীহ ইবনু খুয়াইমাহ ১২১২,১২১৩, যঈফ আবী দাউদ ২৩৮। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন নাফি' ইবনুল আমইয়া সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও আলী ইবনুল মাদীনী বলেন, অপরিচিত। ইমাম বুখারী বলেন, তার হাদিস সহীহ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুত্তালিব ইবন আবু ওয়াদা'আহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন